# Word Formation

## Root/Base

Unit Two
Lesson 1

**Word and Word Formation (শব্দ ও শব্দগঠন):**

Word বা শব্দ হলো ভাষার একক যা এক বা অধিক কথ্যস্বর (Spoken sound) দ্বারা গঠিত এবং যা সচরাচর একটি অর্থ বহন করে।

Word বা শব্দের এক বা অধিক Morphemes (বা রূপমূল) থাকে। Morpheme বলতে শব্দের ক্ষুদ্রতম একককে বোঝায়। উদাহরণস্বরূপ 'going' শব্দটিতে দুটি morpheme যথাক্রমে 'go' এবং 'ing' রয়েছে। যদি কোনো morpheme একা একা স্বাধীনভাবে শব্দ গঠন করে তবে তাকে free morpheme বা স্বাধীন বর্ণরূপ বলা হয়। যদি morpheme একা একা স্বাধীনভাবে শব্দ গঠন করতে না পারে তবে তাকে bound morpheme বলে। উদাহরণস্বরূপ 'Cats' শব্দটিতে 'Cat' হলো free morpheme এবং 's' হলো bound morpheme। ইংরেজি ভাষায় word সমূহ space বা ফাঁক দ্বারা পরস্পর থেকে আলাদা করে লেখা হয় এবং উচ্চারণের সময় সচরাচর আলাদাভাবে উচ্চারণ করা হয়।

যে কোনো ভাষার শব্দগুলো বিভিন্নভাবে গঠিত হয়। একটি ভাষার প্রাথমিক পর্যায়ে অন্য ভাষা থেকে বহু শব্দ গৃহীত হয়। কালক্রমে কিছু পরিবর্তনের মধ্য দিয়ে বিদ্যমান শব্দাবলি থেকে নতুন নতুন শব্দ গঠিত হয়।

ইংরেজি ভাষায় শব্দ গঠনের সবচেয়ে সাধারণ প্রক্রিয়াটি হলো সংযোজন, যার অর্থ কোনো root/base word এর সাথে শব্দ উপাদান যোগ করা। সংযোজন এর মধ্যে prefix, suffix এবং infix অন্তর্ভুক্ত।

Prefix বলতে সেই শব্দ উপাদানটিকে বোঝায় যা root/base word এর শুরুতে সংযোজিত হয় এবং suffix বলতে সেই শব্দ উপাদানটিকে বোঝায়, যা root/base word এর শেষে বা পরে যুক্ত হয়। Infix হলো সেই শব্দ উপাদান যা root/base word এর ভেতরের অংশে সংযোজিত হয়। ইংরেজি ভাষায় infix এর ব্যবহার নেই বললেই চলে।

**Word এর Root/Base:**

কোনো Word এর উপসর্গ ও অনুসর্গগুলো বাদ দিলে যে অংশটি অবশিষ্ট থাকে সেটাই ঐ word এর root/base। উদাহরণস্বরূপ বলা যায়, unthinkable শব্দ থেকে যদি prefix 'un' এবং suffix 'able' বাদ দেওয়া হয় তবে root/base হিসেবে 'think' পাওয়া যায়। সম্প্রতি root এবং base কে পৃথক হিসেবে গণ্য করা হয়।

'root' বলতে word এর সেই অংশটিকে বোঝায় যাকে বিশ্লেষণ বা ভাঙা যায় না। অপরদিকে base বলতে word এর সেই অংশটিকে বোঝায় যার সাথে prefix বা suffix যোগ করা যায়। সুতরাং সকল root কে আমরা base বলতে পারি কিন্তু সকল base কে root বলা যায় না। উদাহরণস্বরূপ, untouchable শব্দটিকে un + touch + able এভাবে বিশ্লেষণ করা যায়। এখানে root অংশ touch, কিন্তু 'touch' ও 'touchable' দুটিই base হতে পারে। যখন touchable-এর সাথে prefix 'un' যোগ করা হয় তখন touchable একটি base।

## Suffixes and Prefixes

Unit Two
Lesson 2

### A. Suffixes

Suffix হলো এমন বর্ণ বা বর্ণ সমষ্টি যা কোনো শব্দের শেষে যুক্ত হয়ে নতুন অপর একটি শব্দ গঠন করে থাকে।

যেমন: - er ~ player, teacher, etc.
- ly ~ quickly, sadly, etc.
- ness ~ brightness, weakness, etc.

**1. Common noun suffixes**

আমরা অনেক verb এর সাথে - er যোগ করে সেগুলোকে noun বা নামবাচক শব্দে পরিণত করতে পারি।

যেমন: work + er = worker
learn + er = learner
read + er = reader ইত্যাদি।

আবার কখনও কখনও - or যোগ করে noun-এ পরিণত করা হয় এবং verb-এর শেষে 'e' থাকলে তা উঠে যায়।

যেমন: act + or = actor
operate + or = operator
sail + or = sailor
supervise + or = supervisor ইত্যাদি।

'- er' ও '~' 'ee' suffix দুটি যথাক্রমে কর্ম প্রদানকারী ও কর্ম গ্রহণকারী এর মধ্যে পার্থক্য নির্দেশ করে।

যেমন: employ + er = employer (নিয়োগকারী)
employ + ee = employee (কর্মচারী)

pay + er = payer (যে ব্যক্তি প্রদান করেন)
pay + ee = payee (যাকে প্রদান করা হয়)

'- tion' suffix টি দ্বারা verb কে noun এ পরিবর্তন করা হয়। এক্ষেত্রে verb-এর শেষে t বা te থাকলে ion যুক্ত হয়। 'te' এর ক্ষেত্রে 'e' উঠে যায় এবং ion যুক্ত হয়।

যেমন: act + ion = action
agitate + ion = agitation
complicate + ion = complication
pollute + ion = pollution
donate + ion = donation

- কিছু কিছু adjective -এর সাথে ess যোগ করে গুণবাচক noun তৈরি করা হয়।

| যেমন: | |
|---|---|
| good (ভালো) | goodness (ভালোত্ব) |
| ready (প্রস্তুত) | readiness (প্রস্তুতি) |
| forgetful (ভ্রমজনক) | forgetfulness (ভ্রান্তি) |
| happy (সুখী) | happiness (সুখ) |
| weak (দুর্বল) | weakness (দুর্বলতা) |

2. **Adjective suffixes**

verb এর সাথে '- able/ - ible' suffix টি যুক্ত করে adjective করা হলে এর অর্থ 'যোগ্য' বা 'উপযুক্ত' বোঝায়।

| | | |
|---|---|---|
| যেমন; | count (গণনা করা) | countable (গণনাযোগ্য) |
| | forgive (ক্ষমা করা) | forgivable (ক্ষমার যোগ্য) |
| | read (পাঠ করা) | readable (পাঠযোগ্য) |
| | wash (ধৌত করা) | washable (ধোওয়ার যোগ্য) |
| - ible: | flex (বাঁকানো) | flexible (বাঁকানোযোগ্য) |

3. **Verb suffixes**

'- ise / - ize' suffix দ্বারা adjective কে verb এ রূপান্তরিত করা যায়।

যেমন:

| | |
|---|---|
| modern (আধুনিক) | modernise (আধুনিকীকরণ) |
| commercial (বাণিজ্যিক) | commercialise (বাণিজ্যিকীকরণ) |
| industrial (শিল্প সম্পর্কীত) | industrialise (শিল্পবণ্টন করা) |

4. **Other suffixes**

| | | |
|---|---|---|
| - age | (Nouns) | shortage, marriage. |
| - ant | (Nouns) | accountant, assistant, consultant. |
| - eer | (Nouns) | engineer, mountaineer. |
| - ment | (Nouns) | excitement, enjoyment, replacement. |
| - ity | (Nouns) | flexibility, productivity, scarcity. |
| - hood | (Nouns) | childhood, boyhood, motherhood. |
| - ship | (Nouns) | friendship, partnership, membership. |
| - ive | (adjectives) | active, passive, productive. |
| - al | (adjectives) | legal, brutal, national, educational. |
| - ous | (adjectives) | delicious, furious. |
| - ful | (adjectives) | forgetful, hopeful, useful, fruitful. |
| - less | (adjectives) | useless, harmless, cloudless. |
| - ify | (verbs) | beautify, purify, terrify. |

**Note:** '- ish' suffix টি হচ্ছে informal। এটি সাধারণ adjective, বয়স (age) ও সময় (times) এর সাথে যোগ করা যেতে পারে।
যেমন: She's thirtyish.
Come about eightyish.

## Test

1. **Give one word formed with each of the following suffixes:**
a) ~ ee =
b) ~ ness =
c) ~ or =
d) ~ tion =
e) ~ able =

**Probable answers:** a) employee; b) weakness; c) actor; d) pollution; e) changeable.

2. **Use suffixes to give the names of the following.**
a) A person who plays a violin.
b) A person who takes photographs especially as a job.
c) A person to whom a letter is addressed.
d) A person who works on a ship.
e) A person or company that employs people.

**Ans.** a) violinist; b) photographer; c) addressee; d) sailor; e) employer.

3. **Rewrite each sentence by changing the underlined words, using a suitable suffix.**

a) What she did can be forgiven.
What she did is ____________.

b) The club refuses to admit anyone not wearing a tie.
The club refuses ____________ to anyone not wearing a tie.

c) His only fault is that he is lazy.
His only fault is __________.

d) The factory has produced a lot in recent years.
This firm has been very _________ in recent years.

e) He often forgets things.
He is ___________.

**Ans.** a) forgivable; b) admission; c) laziness; d) productive; e) forgetful.

## B. Prefixes:

Prefix হচ্ছে এমন বর্ণ বা বর্ণ সমষ্টি যা কোনো একটি শব্দের পূর্বে ব্যবহৃত হয়ে এর অর্থ পরিবর্তন কিংবা না-সূচক অর্থ প্রকাশ করে থাকে। Prefix সাধারণত adjective এর পূর্বে বসে না-সূচক অর্থ প্রকাশ করে থাকে।

| | |
|---|---|
| যেমন: comfortable | uncomfortable |
| convenient | inconvenient |
| similar | dissimilar |
| happy | unhappy |
| just | unjust |
| loyal | disloyal |
| edible | inedible |
| legal | illegal |

'm' কিংবা 'p' দিয়ে শুরু শব্দের পূর্বে prefix in ~ এর পরিবর্তে im ~ হয়।

| | |
|---|---|
| যেমন: mature | immature |
| patient | impatient |
| partial | impartial |
| probable | improbable |

অনুরূপভাবে 'r' দিয়ে শুরু শব্দের পূর্বে prefix 'ir–' এবং l দিয়ে শব্দের পূর্বে il - হয়ে থাকে।

| | |
|---|---|
| যেমন: replaceable | irreplaceable |
| regular | irregular |
| legal | illegal |
| literate | illiterate |
| legible | illegible |

প্রধানত adjective এর পূর্বে un ~ ও dis ~ prefixes যোগ করে negative অর্থ প্রকাশ করা হয়। আবার, un ~ ও dis ~ prefix দুটি verb এর পূর্বে যোগ করে এর বিপরীত অর্থ প্রকাশ করা হয়ে থাকে।

| | |
|---|---|
| যেমন: dress | undress |
| do | undo |
| fold | unfold |
| load | unload |
| lock | unlock |
| veil | unveil |
| wrap | unwrap |
| agree | disagree |
| aprove | disapprove |
| believe | disbelieve |
| connect | disconnect |
| credit | discredit |
| like | dislike |
| mount | dismount |
| prove | disprove |
| qualify | disqualify |

এগুলো ছাড়াও অনেক prefix ইংরেজিতে ব্যবহৃত হয়ে থাকে।

নিচে এগুলোর একটি তালিকা দেওয়া হলো:

| Prefixes | Meanings | Examples |
|---|---|---|
| a - | in, on | asleep, ashore |
| ab - | away, from, off | abduct (take away by force) |
| ad - | to, towards | adjoining (joined to) |
| ante - | before | antenantal treatment (before birth) |
| arch - | chief | arch-bishop, arch-enemy |
| auto - | self | autograph, auto-pilot, autography |
| bane- | well | benevolent, benefit |
| bi- | two, twice | bicycle, binoculars, bilingual |
| bio- | life | biology (the science of living things) |
| co- | together | co-operate |
| com- | with | compare, compile |
| ex- | former | ex-student, ex-president |
| ex- | out of | extract, exhale |
| de- | down | descend |
| demi- | half | demigod |
| en- | on | enclose |
| extra- | beyond, outside | extraordinary |
| fore - | before | foretell, foresee |
| hemi- | half | hemisphere |
| hyper- | above, over | hyper-sensitive, hyper-tension |
| in- | in | inject, invade |
| inter- | among, between | interrupt, intermediate |
| micro- | small | microwave, microscopic |
| mis- | badly/wrongly | misunderstand, misbehave, misinform, misconduct |
| mono- | one/single | monotonous, monopoly |
| multi- | many | multi-national, multi-purpose, multitude, a multimillionaire |
| non- | not | nonstop, non payment |
| ob- | against | obstruct, objection |
| oct- | eight | octagon, octave |
| omni- | all | omnipotent (all powerful) |
| out- | beyond, outside | outnumber, outlive |
| over- | too much/above | overdose, overeat, overcoat |
| pan- | all, the whole | Pan-American, Pan-Asian |
| penta- | five | pentagon (with five sides) |
| per - | through | perspire (breath through the skin) |
| poly- | many | polytechnic, polyclinic |
| post - | after | postwar, postgraduate, postpone |
| pre- | before | pretest, prehistoric, premature |
| pro- | for, forward | promotion, pro-government |
| re- | again or back | reproducce, recover, rewrite |
| semi- | half | semi-final, semicircle |
| sub- | under | submarine, subway, subdivision |
| super- | more than | superman, superlative |
| tele- | a long distance | telephone, television |
| tri- | three | triangle |
| ultra- | beyond, extremely | ultra-modern |
| under- | below | undergrowth, undergraduate |
| un - | not, the reverse of | unhappy, unknown, untruth, unite, unlock, undo |
| vice - | in the place of | vice-chairman, vice-captain |
| with- | against, back | withstand, withhold |

## Verb to Noun

**Verb-এর শেষে 'ment' Suffix যোগ করে Noun গঠন:**

| Verb | Noun |
|---|---|
| Abolish (অ্যাবোলিশ) – রহিত করা, উচ্ছেদ করা | Abolishment (অ্যাবোলিশমেন্ট) উচ্ছেদ, লোপ |
| Accomplish (অ্যাকমপ্লিশ) – সুসম্পন্ন করা, শেষ করা, সম্পাদন করা | Accomplishment (অ্যাকমপ্লিশমেন্ট) – সম্পাদন |
| Achieve (অ্যাচীভ) – উপার্জন করা, অর্জন করা, লাভ করা | Achievement (অ্যাচীভমেন্ট) – কার্যসম্পাদন, কৃতিত্বপূর্ণ কাজ |
| Adjust (অ্যাজাস্ট) – খাপ খাওয়ানো, মানিয়ে নেওয়া | Adjustment (অ্যাজাস্টমেন্ট) – সমন্বয় সাধন, আপোস, মীমাংসা |
| Advance (অ্যাডভান্স) – অগ্রসর হওয়া | Advancement (অ্যাডভান্সমেন্ট) – উন্নতি, পদোন্নতি, উৎকর্ষ |
| Advertise (অ্যাডভার্টাইজ) – বিজ্ঞাপন দেওয়া, ঘোষণা করা, জানানো | advertisement (অ্যাডভার্টিজমেন্ট) – বিজ্ঞাপন, বিজ্ঞপ্তি |
| Agree (অ্যাগ্রী) – রাজি হওয়া, একমত হওয়া | Agreement (অ্যাগ্রিমেন্ট) – চুক্তি, মিল, ঐক্য |
| Amend (অ্যামেন্ড) – সংশোধন করা, উন্নতি সাধন করা | Amendment (অ্যামেন্ডমেন্ট) – সংশোধন |
| Amuse (অ্যামিউজ) – আনন্দ দেওয়া | Amusement (অ্যামিউজমেন্ট) – আমোদ-প্রমোদ, কৌতুক, মজা |
| Announce (অ্যানাউন্স) – প্রচার করা, ঘোষণা করা | Announcement (অ্যানাউন্সমেন্ট) – ঘোষণা, বিজ্ঞপ্তি |
| Appoint (অ্যাপয়ন্ট) – কাজে নিয়োগ করা, নির্দিষ্ট করা | Appointment (অ্যাপয়নটমেন্ট) – পদে নিয়োগ |
| Argue (আর্গিউ) – যুক্তি প্রদর্শন করা, বাদানুবাদ করা, নির্ণয় করা | Argument (আঃগিউমেন্ট) – যুক্তি, তর্ক |
| Arrange (অ্যারেইন্জ) – সাজানো, আয়োজন করা | Arrangement (অ্যারেইনজমেন্ট) – বিন্যাস, আয়োজন |
| Assess – (অ্যাসেস) – মূল্য যাচাই করা, কর ধার্য করা, নিরূপণ করা | Assessment (অ্যাসেসমেন্ট) – নিরূপণ, নির্ধারণ, মূল্যায়ন |
| Assign (অ্যাসাইন) – অংশ ভাগ করে দেওয়া, স্থির করা, নির্দিষ্ট করা, আরোপ করা | Assignment (অ্যাসাইনমেন্ট) – হস্তান্তরিত বস্তু, নিয়োগ, হস্তান্তরকরণ |
| Besiege (বিসীজ) – অবরোধ করা, বেষ্টন করা, ঘিরে ধরা | Besiegement (বিসীজ্মেন্ট) – অবরোধ, বেষ্টন |
| Better (বেটার) – অধিকতর ভালো করা, উন্নত করা, সংশোধন করা | Betterment (বেটারমেন্ট) – উন্নত অবস্থা |
| Commit (কমিট) – বিশ্বাস করে অর্পণ করা, নিজের ওপর চাপিয়ে নেওয়া | Commitment (কমিটমেন্ট) – যা করা হবে বলিয়া কথা দেওয়া হয়েছে |
| Confine (কনফাইন) – আটকে রাখা, বন্ধ করে রাখা, সীমাবদ্ধ রাখা, কারারুদ্ধ করা | Confinement (কনফাইমেন্ট) – কারাবাস, সীমাবদ্ধকরণ |
| Content (কনটেন্ট) – সন্তুষ্ট করা | Contentment (কনটেনমেন্ট) – সন্তোষ, সন্তুষ্টি |
| Depart (ডিপাঃট) – প্রস্থান করা, মারা যাওয়া, রওনা হওয়া | Department (ডিপাঃটমেন্ট) – বিভাগ, অংশ, কার্যবিভাগ |
| Develop (ডিভেলপ) – উন্নত করা, প্রকাশ করা | Development (ডিভেলপমেন্ট) – বর্ধন, উন্নয়ন |
| Employ (এমপ্লয়) – নিযুক্ত করা, নিয়োগ করা | Employment (এমপ্লয়মেন্ট) – কাজে নিয়োগ, চাকরি |
| Enforce (এনফোর্স) – বলবৎ করা, কার্যকরী করা, জোরদার করা, চালু করা, বাধ্য করা | Enforcement (এনফোসমেন্ট) – বলবৎকরণ, কার্যকরীকরণ, প্রবর্তন, বাধ্যকরণ |
| Engage (এনগেইজ) – নিযুক্ত করা, নিয়োগ করা | Engagement (এনগেইজমেন্ট) – নির্দিষ্ট সময়ে কোথাও উপস্থিত হওয়ার বা কাজ করার কথা প্রদান, বাগ্দান |
| Enjoy (এনজয়) – উপভোগ করা, আনন্দ লাভ করা | Enjoyment (এনজয়মেন্ট) – উপভোগ, আমোদ, সুখ |
| Entertain [এনটা(র)টেইন] – আপ্যায়ন করা, আতিথ্য প্রদর্শন করা, চিত্তবিনোদন করা | Entertainment (এনটাটেইনমেন্ট) – আতিথেয়তা, আপ্যায়ন |
| Establish (এসট্যাবলিশ) – স্থাপিত করা, প্রতিষ্ঠা করা, দৃঢ়ভাবে বসানো | Establishment (এসট্যাবলিশমেন্ট) – সংস্থাপন, প্রতিষ্ঠা, সংস্থা, প্রতিষ্ঠান |
| Excite (ইকসাইট) – উত্তেজিত করা, উসকাইয়া দেওয়া | Excitement (ইকসাইটমেন্ট) – উত্তেজনা, উত্তেজনার কারণ |
| Govern (গাভার্ন) – পরিচালিত করা, শাসন করা, দমন করা, প্রভুত্ব করা, আইন প্রয়োগ করা | Government (গাভার্নমেন্ট) – শাসন, রাজ্য সরকার, শাসন প্রণালি |
| Invest (ইনভেস্ট) – পোশাক পরান, বিনিয়োগ করা, লগ্নি করা, ভূষিত করা | Investment (ইনভেস্টমেন্ট) – অর্থের বিনিয়োগ |
| Judge (জাজ) – বিচার করা, রায় দেওয়া | Judgement (জাজমেন্ট) – বিচার, সিদ্ধান্ত, রায়, দণ্ড, যুক্তি |
| Manage (ম্যানেজ) – নির্বাহ করা, পরিচালনা করা | Management (ম্যানেজমেন্ট) – নির্বাহ, পরিচালন, বন্দোবস্ত |

| Verb | Noun |
|---|---|
| Punish (পানিশ) – শাস্তি দেওয়া, অত্যন্ত প্রহার করা | Punishment (পানিশমেন্ট) – শাস্তি, দন্ড |
| Rearrange (রীঅ্যারেনজ) – পুনরায় সজ্জিত করা | Rearrangement (রীঅ্যারেনজমেন্ট) – পুনরায় সাজানো |
| Refresh (রিফ্রেশ) – পুনরায় সতেজ করা, পুনরায় শীতল করা | Refreshment (রিফ্রেশমেন্ট) – নবশক্তি দান, নবশক্তি প্রাপ্তি, যা পুনরায় সচল করে |
| Retire (রিটায়ার) – পশ্চাদগমন করা, প্রস্থান করা, কর্মত্যাগ করা, শয়ন করা, অবসরগ্রহণ করানো | Retirement (রিটায়াঃমেন্ট) – অবসরগ্রহণ, অবসরণ, নির্জনতা, নির্জন স্থান |
| State (স্টেইট) – বলা, বিবৃত করা, নির্ধারণ করা | Statement (স্টেইটমেন্ট) – উক্তি, লিখিত বিবৃতি |
| Treat (ট্রীট) – আচরণ করা, ব্যবহার করা, আলোচনা করা | Treatment (ট্রীটমেন্ট) – আচরণ, ব্যবহার, চিকিৎসা, বর্ণনা |

■ **Verb এর শেষে 'r' Suffix যোগ করে Noun গঠন:**

| Verb | Noun |
|---|---|
| Adventure (অ্যাডভেনচার্) – বিপন্ন করা, ঝুঁকি লওয়া | Adventurer [অ্যাডভেনচারা(র্)] – দুঃসাহসিক কর্মে প্রবৃত্ত ব্যক্তি |
| Advise (অ্যাডভাইজ) – পরামর্শ বা উপদেশ দেওয়া, পরামর্শ করা | Adviser (অ্যাডভাইজার) – পরামর্শদাতা, উপদেষ্টা |
| Avenge (অ্যাভেন্জ) – প্রতিশোধ লওয়া, দণ্ড দেওয়া | Avenger [অ্যাভেনজা(র্)] – প্রতিশোধ গ্রহণকারী |
| Believe (বিলীভ) – বিশ্বাস করা, আস্থা রাখা, অনুমান করা | Believer (বিলীভার) – বিশ্বাসী |
| Compile (কম্পাইল) – সংকলন করা | Compiler (কম্পাইলার) – সংকলক |
| Compose (কম্পৌজ) – লেখকরূপে রচনা করা, ছাপার হরফ সাজানো | Composer (কম্পোজার) – সুরকার, সংগীত রচয়িতা |
| Consume (কনজিউম) – ব্যবহার করা, উপভোগ করা, সম্পূর্ণ ধ্বংস করা | Consumer (কনজিউমার) – ব্যবহারকারী, খরিদ্দার |
| Dance (ড্যান্স্) – নৃত্য করা বা করানো, লাফিয়ে খেলা করে বেড়ানো | Dancer (ড্যানসার) – নর্তক বা নর্তকী |
| Drive (ড্রাইভ) – তাড়ানো, ঠেলে দেওয়া, গাড়ি চালানো, দ্রুত চলা, সম্পাদন করা, খনন করে প্রসারিত করা | Driver (ড্রাইভার) – গাড়োয়ান, রেলগাড়ি চালক, যা দ্বারা চালানো হয় |
| Erase (ঈরেইজ) – মুছে ফেলা, তুলে ফেলা, লোপ করা, নষ্ট করা | Eraser (ঈরেইজার) – যে ব্যক্তি মুছে ফেলে, লেখা মোছার জিনিস |
| Examine (ইগজ্যামিন) – পরীক্ষা করা, অনুসন্ধান করা, গবেষণা করা, আলোচনা করা। | Examiner [ইগজ্যামিনা(র্)] – পরীক্ষক |
| Fertilize (ফ্যারটিলাইজ) – উর্বর বা ফলবান করা, সমৃদ্ধ করা | Fertilizer (ফ্যারটিলাইজার) – কৃষি সার, উদ্ভিদের খাদ্য |
| Inquire (ইনকোয়্যার) – অনুসন্ধান করা, প্রশ্ন জিজ্ঞাসা করা | Inquirer (ইনকোয়্যারার) – অনুসন্ধানকারী, প্রশ্ন জিজ্ঞাসাকারী |
| Lecture (লেকচার) – বক্তৃতা করা, বক্তৃতা দ্বারা উপদেশ দেওয়া, ভর্ৎসনা করা | Lecturer (লেকচারার) – বক্তা, অধ্যাপক, উপদেষ্টা |
| Observe (অবজারভ) – পর্যবেক্ষণ করা, চোখে চোখে রাখা, লক্ষ করা, পালন করা | Observer (অবজারভার) – পর্যবেক্ষক |
| Organize (অরগ্যানাইজ) – সংগঠন করা, সংঘবদ্ধ করা | Organizer (অরগ্যানাইজার) – সংগঠক, প্রবর্তক |
| Produce (প্রডিউস) – প্রতিস্থাপিত করা, হাজির করা, উৎপাদন করা, দেওয়া, বাড়ানো | Producer (প্রডিউসার) – উৎপাদক, যে বস্তু উৎপাদন করে |
| Receive (রিসিভ) – গ্রহণ করা, সমাদর করা, অভ্যর্থনা করা, অন্তর্ভুক্ত করা, পাওয়া | Receiver (রিসীভার) – গ্রহীতা, গ্রাহক, সম্পত্তির তত্ত্বাবধায়ক |
| Remove (রিমূভ) – নড়ানো, সরিয়ে ফেলা, পদচ্যুত করা, প্রস্থান করা | Remover (রিমুভার) – যে সরিয়ে ফেলে |
| Ride (রাইড) – অশ্বাদিতে আরোহণ করা, গাড়িতে যাওয়া, ভেসে চলা, আরোহণ করা, চড়া | Rider (রাইডার) – অশ্বারোহী, অশ্বচালক, ক্রোড়পত্র, বাড়তি কোনো মন্তব্য বা রায় |
| Rise (রাইজ) – জমি হতে ওঠা, চড়া, ফেঁপে ওঠা, জন্মানো, উত্থিত হওয়া, লম্ফ দেওয়া | Riser (রাইজার) – যে বা যা উঠে |
| Trade (ট্রেইড) – ক্রয়-বিক্রয় করা, বিনিময় বা বিক্রয় করা, বাণিজ্য করা | Trader (ট্রেইডার) – ব্যবসাদার, বণিক, বাণিজ্য জাহাজ, মালবাহী নৌকা |
| Write (রাইট) – লেখা, লিপিবদ্ধ করা, খোদাই করা | Writer (রাইটার) – লেখক, গ্রন্থকার, রচনাকারী |

■ **Verb এর শেষে 'or' Suffix যোগ করে Noun গঠন:**

| Verb | Noun |
|---|---|
| Conquer (কঙকার) – যুদ্ধে জয় করা, পরাজিত করা, বশীভূত করা, অতিক্রম করা | Conqueror (কঙকারার) – জয়ী, জেতা |
| Detect (ডিটেকট) – আবিষ্কার করা, (গোপন কিছু) বের করা | Detector (ডিটেকটর) – যে ধরে বা আবিষ্কার করে |
| Edit (এডিট) – সম্পাদন করা | Editor (এডিটর) – সম্পাদক |
| Inspect (ইনস্পেকট) – পরিদর্শন করা, পরীক্ষা করা, তত্ত্বাবধান করা | Inspector (ইনসপেকটর) – পরিদর্শক, তত্ত্বাবধায়ক |
| Instruct (ইনস্ট্রাকট) – শিক্ষা দেওয়া, জ্ঞাত করা, পরিচালিত করা, আদেশ করা, নির্দেশনা দেওয়া | Instructor (ইনস্ট্রাকটর) – নির্দেশনা প্রদানকারী |
| Invent (ইনভেনট) – আবিষ্কার করা, উদ্ভাবন করা, মিথ্যা কল্পনা করা | Inventor (ইনভেনটর) – আবিষ্কারক, উদ্ভাবনবার্তা |
| Oppress (অপ্রেস) – উৎপীড়ন করা, অত্যাচার করা, পীড়া দেওয়া, দমন করা | Oppressor (অপ্রেসর) – অত্যাচারী, উৎপীড়ক, নির্মম শাসক |
| Possess (পজেস) – অধিকার করা, দখল করা, হস্তগত করা, অভিভূত করা, জ্ঞাত করা, ধারণা করা | Possessor (পজেসর) – মালিক, দখলদার |
| Visit (ভিজিট) – দেখার জন্য যাওয়া বা আসা, পরিদর্শন করা | Visitor (ভিজিটর) – দেখা-করার জন্য আগত ব্যক্তি, তদারককারী ব্যক্তি |

■ **Verb এর শেষে e থাকলে e বাদ দিয়ে 'or' Suffix যোগ করে Noun গঠন:**

| Verb | Noun |
|---|---|
| Calculate (ক্যালকিউলেট) – গণনা করা, পূর্ব হতে নিরূপণ করা, হিসাব করা | Calculator (ক্যালকুলেটর) – অনুগণক, যে গণনা করে |
| Create (ক্রীয়েট) – সৃষ্টি করা, জন্মানো, উৎপাদন করা, উৎপন্ন করা | Creator (ক্রীয়েটর) – সৃষ্টিকারী |
| Cultivate (কালটিভেট) – কর্ষণ করা, চাষ করা, উন্নতি সাধন করা, অনুশীলন করা | Cultivator (কালটিভেটর) – কৃষক, চাষী |
| Decorate (ডেকরেট) – ভূষিত করা, সজ্জিত করা | Decorator (ডেকরেটর) – যে ঘরবাড়ি সাজায় |
| Investigate (ইনভেসটিগেট) – অনুসন্ধান করা | Investigator (ইনভেসটিগেটর) – অনুসন্ধানকারী, গবেষণাকারী |
| Narrate (ন্যারেট) – বর্ণনা করা | Narrator (ন্যারেটর) – কাহিনীকার, বিবরণদাতা, বর্ণনাকারী |
| Operate (অপারেট) – অস্ত্র চিকিৎসা করা, অস্ত্র করা, কার্য করা, চালানো, সংগঠন করা, পরিচালনা করা | Operator (অপারেটর) – যে কার্য করে, অস্ত্র চিকিৎসক |
| Translate (ট্র্যানসলেট) – অনুবাদ করা, ভাষান্তরিত করা, ব্যাখ্যা করা, রূপান্তরিত করা | Translator (ট্র্যানসলেটর) – অনুবাদক |

■ **Verb এর শেষে 'er' Suffix যোগ করে Noun গঠন:**

| Verb | Noun |
|---|---|
| Assign (অ্যাসাইন) – (অংশ) ভাগ করিয়া দেওয়া, স্থির করা, নির্দিষ্ট করা, হস্তান্তর করা, আরোপ করা | Assigner (অ্যাসিনর) – হস্তান্তরকারী, স্বত্ব নিয়োজক |
| Bank (ব্যাংক) – বাঁধ দিয়ে ঘেরা, স্তূপীকৃত করা, ব্যাংকে (অর্থ) জমা দেওয়া | Banker (ব্যাংকার) – মহাজন, ব্যাংকের মালিক বা অংশীদার |
| Build (বিল্ড) – নির্মাণ করা, ভিত্তির ওপর স্থাপন করা, নির্ভর করা | Builder (বিলডার) – গৃহনির্মাতা |
| Buy (বাই) – ক্রয় করা, ঘুষ দিয়া স্বপক্ষে আনা, বিরাট ত্যাগ স্বীকার করে লাভ করা | Buyer (বাইয়ার) – ক্রেতা, খরিদ্দার |
| Call (কল) – নাম করা, অভিহিত করা, ডাকা, ডাকিয়া আনা, ঘুম হইতে জাগানো | Caller (কলার) – যে ডাকে, আহ্বায়ক |
| Contain (কনটেইন) – অন্তর্ভুক্ত করা | Container (কনটেইনার) – জিনিসপত্র রাখার উপযোগী পাত্র, বাক্স |
| Design (ডিজাইন) – নকশা করা, পরিকল্পনা করা | Designer (ডিজাইনার) – পরিকল্পক, নকশা করে যে, চক্রান্তকারী, ষড়যন্ত্রকারী |
| Destroy (ডেস্ট্রয়) – ধ্বংস করা, নষ্ট করা, বধ করা | Destroyer (ডেস্ট্রয়ার) – যে ব্যক্তি বা বস্তু ধ্বংস করে |
| Farm (ফারম) – ইজারা দেওয়া, ভাড়া দেওয়া, জমা বিলি করা | Farmer (ফারমার) – কৃষক, কৃষি ব্যবসায়ী, জোতদার |
| Fight (ফাইট) – যুদ্ধ করা, মারামারি করা, যুদ্ধে প্রবৃত্ত করা | Fighter (ফাইটার) – যোদ্ধা, যুদ্ধ প্রিয় ব্যক্তি |

| Verb | Noun |
|---|---|
| Follow (ফলো) – অনুগমন করা, অনুসরণ করা, অনুকরণ করা, পলায়ন করা | Follower (ফলোয়ার) – শিষ্য, সহচর, অনুচর, অনুকরণকারী |
| Help (হেলপ) – সাহায্য করা, সহায়তা করা, নিবারণ করা | Helper (হেলপার) – সাহায্যকারী ব্যক্তি, সহায় |
| Kill (কিল) – হত্যা করা, বধ করা, ধ্বংস করা | Killer (কিলার) – হত্যাকারী ব্যক্তি, বস্তু বা প্রাণীনাশক |
| Labour (লেবার) – কঠোর পরিশ্রম করা, উদ্যমী হওয়া | Labourer (লেবারার) – মজুর, শ্রমজীবী |
| Learn (লার্ন) – শিক্ষা করা, জ্ঞান উপার্জন করা | Learmer (লার্নার) – শিক্ষার্থী |
| Lend (লেন্ড) – সুদে ধার দেওয়া | Lender (লেণ্ডার) – ঋণদাতা |
| Listen (লিসন) – মনোযোগ দেওয়া, শ্রবণ করা, কর্ণপাত করা | Listener (লিসনার) – শ্রোতা |
| Perform (পারফরম) – সম্পাদন করা, সমাধান করা, অভিনয় করা, বাজনা বাজানো | Performer (পারফরমার) – সম্পাদক, নির্বাচক |
| Play (প্লেই) – খেলা করা, ক্রীড়া করা, সম্পাদন করা, কাজে পরিণত করা | Player ( প্লেইআ(র)) – যে খেলে, খেলোয়াড়, অভিনেতা |
| Pray (প্রে) – প্রার্থনা করা, ঈশ্বরের নিকট প্রার্থনা করা | Prayer প্রেয়ার) – প্রার্থনা স্বর, অনুনয়, বিনয় |
| Pretend (প্রিটেনড) – ভান করা, ছল করা | Pretender (প্রিটেনডার) – মিথ্যা দাবিদার, ভানকারী, জুয়াচোর |
| Publish (পাবলিশ) – প্রকাশ করা, প্রকাশিত করা, প্রচার করা | Publisher (পাবলিশার) – পুস্তক প্রকাশক, প্রকাশক, প্রচারক |
| Refresh (রিফ্রেশ) – পুনরায় সতেজ করা, পুনরায় শীতল করা | Refresher (রিফ্রেশার) – যা সতেজ করে |
| Remind (রিমাইন্ড) – মনে করিয়ে দেওয়া | Reminder (রিমাইন্ডার) – স্মারক বস্তু |
| Report (রিপোর্ট) – অভিযোগ করা, বর্ণনা করা, সংবাদপত্রে দেওয়া, প্রচার করা | Reporter (রিপোটার) – সংবাদদাতা, প্রতিবেদক |
| Sell (সেল) – বিক্রয় করা | Seller (সেলার) – বিক্রেতা, যা বিক্রিত হয় |
| Speak (স্পীক) – কথা বলা, কথোপকথন করা, বক্তৃতা দেওয়া | Speaker (স্পীকার) – যে কথা বলে, কথক, বক্তা, বাগ্মী, সভাপতি, সভ্যপাল |
| Suffer (সাফার) – সহ্য করা, ভোগ করা | Sufferer (সাফারার) – যে কষ্ট ভোগ করে |

■ **Verb এর শেষে 'ion' Suffix যোগ করে Noun গঠন:**

| Verb | Noun |
|---|---|
| Confess (কনফেস) – (বিশেষত দোষ) স্বীকার করা, সত্য বলে স্বীকার করা | Confession (কনফেশন) – স্বীকারোক্তি |
| Discuss (ডিসকাস) – আলোচনা করা, যুক্তিতর্ক দ্বারা বিচার করা, বাদানুবাদ করা | Discussion (ডিসকাসন) – আলোচনা, বিতর্ক |
| Express (ইকস্‌প্রেস) – পরিষ্কার করিয়া বলা, বিশেষত ভাষায় ব্যক্ত করা | Expression (ইকস্‌প্রেশন) – শব্দ সমষ্টি, বাক্যের ধারা, মুখের ভাব, মতপ্রকাশ |
| Oppress (অপ্রেস) – উৎপীড়ন, অত্যাচার করা, পীড়া দেওয়া, নিষ্ঠুর বা অন্যায় ব্যবহার করা, দমন করা | Oppression (অপ্রেসন) – অত্যাচার, উৎপীড়ন, নির্দয় ব্যবহার, কষ্ট, অবিচার |
| Profess (প্রোফেস) – প্রকাশ্যে ব্যক্ত করা, মুক্তকণ্ঠে বা প্রকাশ্যে স্বীকার করা, ভান করা, দক্ষতা প্রকাশ করা | Profession (প্রফেশন) – প্রকাশ্যে ঘোষণা, মুক্তকণ্ঠে বা প্রকাশ্যে স্বীকারকরণ |

■ **Verb-এর শেষে nd থাকলে d-এর পরিবর্তে 'sion' Suffix যোগ করে Noun গঠন:**

| Verb | Noun |
|---|---|
| Apprehend (অ্যাপ্রিহেনড) – গ্রেফতার করা, বুদ্ধি দিয়ে উপলব্ধি করা, অনুমান করা, আশঙ্কা করা | Apprehension (অ্যাপ্রিহেনশন) – গ্রেফতার, বোধশক্তি, আশঙ্কা |
| Comprehend (কমপ্রিহেনড) – হৃদয়ঙ্গম করা, অন্তর্ভুক্ত করা | Comprehension (কমপ্রিহেনশন) – বোধশক্তি, অন্তর্ভুক্ত করার শক্তি |
| Condescend (কনডিসেন্ড) – প্রসন্ন হওয়া, নিজের শ্রেষ্ঠত্ব ত্যাগ করা, অবনত হওয়া | Condesension (কনডিসেনশন) – অধস্তন ব্যক্তির প্রতি সৌজন্য প্রকাশ, পৃষ্ঠপোষকতাপূর্ণ ভাব |
| Expand (ইকসপ্যানড) – বিস্তৃত করা বা হওয়া, বিস্তারিত রূপে বর্ণনা করা, বিকশিত করা | Expansion (ইকসপ্যানশন) – প্রসারণ, বিস্তৃতি, বৃদ্ধি, প্রসারিত বস্তু |
| Pretend (প্রিটেনড) – ভান করা, ছল করা, দাবি করা, দাবি উপস্থিত করা | Pretension (প্রিটেনশন) – দাবি, মিথ্যা দাবি, মিথ্যা ভান |
| Succeed (সাকসীড) – কৃতকার্য হওয়া, অনুসরণ করা, উত্তরাধিকারী হওয়া, ক্রমানুসারে পশ্চাৎগমন করা | Succession (স্যাকসেশন) – পরপর আগমন, পরম্পরা, অনুক্রম, উত্তরাধিকার |
| Extend (ইকসটেনড) – বিস্তৃত করা, বৃদ্ধি করা, দিতে চাওয়া, প্রসারিত হওয়া | Extension (ইকস্‌টেনশন) – ব্যাপ্তি, বৃদ্ধি, প্রসারণ |

■ Verb-এর শেষে rt থাকলে t-এর পরিবর্তে 'sion' suffix যোগ করে Noun গঠন:

| Verb | Noun |
|---|---|
| Ascent (অ্যাসেনট) – আরোহণ করা, চড়া, ওপরে ওঠা বা আসা | Ascension (অ্যাসেনশন) -- আরোহণ |
| Dissent (ডিসেন্ট) -- ভিন্ন মত জ্ঞাপন করা | Dissension (ডিসেনশন) – বিবাদ, মতভেদ, মতের অমিল |
| Adhere (আডহিয়ার) -- দৃঢ় সংলগ্ন হওয়া, লেগে থাকা, অনুগত থাকা | Adhesion (আডহীজন) – সংলগ্নতা |
| Cohere (কোহিয়ার) – সংলগ্ন থাকা, লেগে থাকা, জুড়ে বা এঁটে থাকা | Cohesion (কোহিজন) – সংযোগ, সংযুক্তি |

■ Verb-এর শেষে rt থাকলে t-এর পরিবর্তে 'sion' Suffix যোগ করে Noun গঠন:

| Verb | Noun |
|---|---|
| Convert (কনভারট) – পরিবর্তিত করা, প্রয়োগ করা | Conversion (কনভারশন) – অবস্থান্তর প্রাপ্তি, পরিবর্তন, রূপান্তর সাধন |
| Divert (ডাইভারট) – চিত্ত-বিনোদন করা, একপাশে ফেরানো | Diversion (ডাইভারশন) -- চিত্ত বিনোদন, খেলা |
| Invert (ইনভারট) -- উলটানো, ক্রমের বা অবস্থানের পরিবর্তন করা | Inversion (ইনভারশন) – উলটানো, শব্দের স্বাভাবিক ক্রম উলটানো |
| Pervert (পাভার্ট) – দূষিত করা, বিকৃত অর্থ করা | Perversion (পাভারশন) – বিপথে গমন, দুর্নীতিপরায়ণ কাজ |
| Subvert (সাবভারট) – ধ্বংস করা, দূষিত করা, পরাজিত করা | Subversion (সাবভারশন) – সম্পূর্ণ পরাজয়, নাশ, ধ্বংস, সম্পূর্ণ উচ্ছেদ |

■ Verb-এর শেষে it থাকলে t-এর পরিবর্তে 'ssion' Suffix যোগ করে Noun গঠন:

| Verb | Noun |
|---|---|
| Admit (অ্যাডমিট) – ভর্তি করা, প্রবেশ করতে অনুমতি দেওয়া, অধিকার দেওয়া | Admission (অ্যাডমিশন) – প্রবেশ, ভর্তি, স্বীকৃতি, প্রবেশের অনুমতি |
| Omit (ওমিট) – বাদ দেওয়া, বর্জন করা, উপেক্ষা করা, ছেড়ে যাওয়া | Omission (ওমিশন) – বাদ, বর্জন |
| Permit (পারমিট) -- অনুমতি দেওয়া, মঞ্জুর করা | Permission (পারমিশন) – অনুমতি |
| Submit (সাবমিট) – আত্মসমর্পণ করা, বিচারার্থে পেশ করা, উপস্থাপিত করা, অধীন হওয়া, বশীভূত হওয়া | Submission (সাবমিশন) – বশ্যতা, আনুগত্য, বাধ্যতা, বিনয় |

## Verb to Adjective

■ Verb-এর শেষে শুধু 'able' Suffix যোগ করে Adjecive গঠন:

| Verb | Adjective |
|---|---|
| Avail (অ্যাভেল) – কাজে লাগা, নিজে লাভ করা | Available (অ্যাভেল্যাবল) – প্রাপ্য, লভ্য |
| Avoid (অ্যাভয়ড) -- এড়ানো, পরিহার করা | Avoidable (অ্যাভয়ড্যাবল) – পরিহার্য, বর্জন করা যায় এমন |
| Comfort (কামফরট) – সান্ত্বনা দেওয়া | Comfortable (কামফরট্যাবল) – আরামপ্রদ, আরামভোগী |
| Consider (কনসিডার) – মনে মনে গভীর চিন্তা করা, গুণ বিচার করা, ধারণা করা, গণনায় আনা | Considerable (কনসিডার‍্যাবল) – গণ্যমান্য, সামান্য নয় এমন |
| Count (কাউন্ট) – সংখ্যা গণনা করা, আরোপ করা, বিবেচনা করা, সমষ্টি করা | Countable (কাউনটেবল) – গণনা করা যায় এমন |
| Enjoy (এনজয়) – উপভোগ করা, (ইন্দ্রিয়) সুখ ভোগ করা, আনন্দ অনুভব করা | Enjoyable (এনজএবল) – উপভোগ্য |
| Honour (অনার) -- সম্মান করা, পূজা করা, পদে উন্নীত করা | Honourable (অনার‍্যাবল) – মান্য, সম্মানাস্পদ, বিখ্যাত, সম্মানজনক |
| Prefer (প্রিফার) – অধিকতর পছন্দ করা, উন্নীত করা, বিচারের জন্য উপস্থাপিত করা | Preferable (প্রিফার‍্যাবল) -- অধিকতর বাঞ্ছনীয়, অপেক্ষাকৃত উৎকৃষ্ট |
| Respect (রেসপেকট) – সম্মান করা | Respectable (রেসপেকট্যাবল) – মাননীয়, সম্মানীয় |
| Suit (সিউট) -- উপযোগী করা, উপযোগী হওয়া | Suitable (সিউট্যাবল) -- উপযোগী, অনুরূপ, যথোপযুক্ত |
| Sustain (সাসটেইন) -- বহন করা, সহ্য করা, ভোগ করা, পুষ্ট করা, অনুমোদন করা | Sustainable (সাসটেন্যাবল) – বহনীয়, সহনীয়, অনুমোদনযোগ্য |

■ **Verb-এর শেষে 'ed' Suffix যোগ করে Adjective গঠন:**

| Verb | Adjective |
|---|---|
| Affect (অ্যাফেক্ট্) – পরিবর্তন সাধন করা, প্রভাবিত করা, আক্রমণ করা, ভান করা | Affected (অ্যাফেকটেড) – কৃত্রিম, অস্বাভাবিক |
| Bless (ব্লেস) – আশীর্বাদ করা, সুখী করা | Blessed (ব্লেসিড) – সৌভাগ্যশালী, সুখী |
| Content (কন্টেনট) – সন্তুষ্ট করা | Contented (কন্টেনটেড) – সন্তুষ্ট |
| Delight (ডিলাইট) – পরম আনন্দিত করা, পরিতৃপ্ত হওয়া | Delighted (ডিলাইটিড) – অতিশয় আনন্দিত |
| Disappoint (ডিসঅ্যাপয়নট) – নিরাশ করা | Disappointed (ডিসঅ্যাপয়নটেড) – নিরাশ |
| Enlighten (এনলাইটন) – উজ্জ্বল করা, আলোকসম্পাত করা, ব্যাখ্যা করা, জ্ঞান প্রদান করা | Enlightened (এনলাইটেনড) – আলোকিত, কৃতবিদ্য |
| Interest (ইনটারেস্ট) – মনোযোগ আকর্ষণ করা, গভীরভাবে সংশ্লিষ্ট করা | Interested (ইনটারেস্টিড) – কোনো বিষয়ে সংশ্লিষ্ট, স্বার্থপর |
| Learn (লান্) – শিক্ষা করা, জ্ঞান উপার্জন করা | Learned (লানিড্) – পণ্ডিত, শিক্ষিত, বিদ্বান |
| Repeat (রিপিট) – পুনর্বার বলা, পুনরায় করা | Repeated (রিপীটেড) – পুনঃকৃত, পুনরুক্ত |

■ **Verb-এর শেষে e বাদ দিয়ে 'ive' Suffix যোগ করে Adjecive গঠন:**

| Verb | Adjecive |
|---|---|
| Contemplate (কনটেমপ্লেট) – ধ্যান করা, মনস্থ করা, অনুশীলন করা, গভীরভাবে চিন্তা করা | Contemplative (কনটেমপ্লেটিভ) – চিন্তাশীল, ধ্যানপরায়ণ |
| Co-operate (কো-অপারেট) – সহযোগিতা করা | Co-operative (কো-অপারেটিভ) – সহকারী |
| Create (ক্রিয়েট) – সৃষ্টি করা, উৎপাদন করা | Creative (ক্রিয়েটিভ) – সৃষ্টি করিবার শক্তি বিশিষ্ট, সৃষ্টিশীল |
| Cumulate (কিউমিউলেট) – সঞ্চয় করা | Cumulative (কিউমিউল্যাটিভ) – ক্রমবর্ধিষ্ণু |
| Irritate (ইরিটেট) – রাগিয়ে দেওয়া, বিরক্ত করা, উত্তেজিত করা | Irritative (ইরিটেটিভ) – বিরক্তিকর |
| Narrate (ন্যারেট) – বর্ণনা করা | Narrative (ন্যারাটিভ) – বর্ণনামূলক, ঘটনার বিবরণমূলক |
| Nominate (নমিনেট) – নিয়োগ করা, পদের জন্য মনোনীত করা, নাম করে প্রস্তাব করা | Nominative (নমিন্যাটিভ) – নামকারী |
| Operate (অপারেট) – অস্ত্রচিকিৎসা করা, কার্য করা, চালানো, সংঘটন করা, ফলোৎপাদন করা | Operative (অপারেটিভ) – ফলপ্রদ, কার্য করার বা চালানোর শক্তিবিশিষ্ট |
| Penetrate (পেনিট্রেট) – বিদ্ধ করা, প্রবেশ করা, গভীরভাবে অভিভূত করা, বোঝা, বাহির করা | Penetrative (পেনিট্রেটিভ) – অন্তর্ভেদী, তীক্ষ্ণ, বিচক্ষণ, সূক্ষ্ম |
| Predicate (প্রেডিকেট) – অন্যের বিষয় কিছু বলা | Predicative (প্রেডিকেটিভ) – উক্তি সম্পর্কিত বিধেয়ের অন্তর্গত |
| Procreate (প্রোক্রিয়েট) – (সন্তান) উৎপাদন করা | Procreative (প্রোক্রিয়েটিভ) – জননক্ষম, উৎপাদনশীল |
| Stimulate (স্টিমিউলেট) – উত্তেজিত করা, উৎসাহ দেওয়া, খোঁচানো | Stimulative (স্টিমিউল্যাটিভ) – উত্তেজক |
| Suffocate (সাফোকেট) – শ্বাসরোধ করা, শ্বাসরুদ্ধ করে মারা | Suffocative (সাফোকেটিভ) – শ্বাসরুদ্ধকর |

■ **En Suffix যোগ করে Verb গঠন:**

| | | | |
|---|---|---|---|
| Black – কালো | Blacken – কালো করা | Deep – গভীর | Deepen – গভীর করা |
| Broad – প্রশস্ত | Broaden – প্রশস্ত করা | Height – উচ্চতা | Heighten – উন্নত করা |
| Bright – উজ্জ্বল | Brighten – আলোকিত করা | Weak – দুর্বল | Weaken – দুর্বল করা |
| Haste – তাড়া | Hasten – তাড়াতাড়ি করা | Sharp – ধারালো | Sharpen – ধার দেওয়া |
| Thick – পুরু | Thicken – পুরু করা | Fast – দ্রুত | Fasten – বাঁধা |
| Tight – আঁটোসাটো | Tighten – আঁটোসাটো করা | Strength – শক্তি | Strengthen – শক্তিশালী করা |
| Length – দীর্ঘ | Lengthen – দীর্ঘ করা | Wide – প্রশস্ত | Widen – প্রশস্ত করা |
| Dead – মৃত | Deaden – গভীর করা | Fright – ভয় | Frighten – ভয় দেখানো |
| Hard – কঠিন | Harden – কঠিন করা | Loose – ঢিলা | Loosen – ঢিলা করা |
| Soft – নরম | Soften – নরম করা | Sweet – মিষ্টি | Sweeten – মিষ্টি করা |
| White – সাদা | Whiten – সাদা করা | | |

## Be-Prefix যোগ করে Verb

| | |
|---|---|
| Calm – শান্ত | Becalm – শান্ত করা |
| Fit – উপযোগী | Befit – উপযোগী হওয়া |
| Fool – বোকা | Befool – বোকা বানানো |
| Friend – বন্ধু | Befriend – বন্ধুর ন্যায় কার্য করা, অনুগ্রহ করা |
| Quest – অনুসন্ধান | Bequest – উইল বা ইচ্ছাপত্র দ্বারা প্রদত্ত বস্তু |
| Little – ছোট | Belittle – ছোট করা, তুচ্ছতাচ্ছিল্য করা |
| Set – স্থাপন করা | Beset – বেষ্টন করা, রোধ করা, পূর্ণ করা |
| Ware – পণ্যদ্রব্য | Beware – সতর্ক হওয়া |

## Dis-Prefix যোগ করে Verb, Noun ও Adjective গঠন:

| | |
|---|---|
| Comfort – আরাম, স্বাচ্ছন্দ্য | Discomfort – অস্বাচ্ছন্দ্য, কষ্ট, দুঃখ |
| Connection – সংযুক্তি | Disconnection – বিচ্ছেদ, পৃথককরণ, অসংগতি, সংযোগের অভাব |
| Connect – সন্তুষ্ট করা | Discontent – অসন্তোষ, অসন্তুষ্ট, অসুখী |
| Cord – তার, দড়ি | Discord – সুরের অমিল, মন কষাকষি, বিবাদ, মতভেদ, গোলমাল |
| Count – গণনা করা | Discount – বাটা, হিসাব হতে কিছু বাদ দেওয়া, বাট্টা দেওয়া |
| Cover – ঢাকা | Discover – আবিষ্কার করা, উদঘাটন করা, প্রকাশ করা |
| Ease – আরাম | Disease – পীড়া, মন বা দেহের ব্যাধি |
| Enfranchise – ভোটাধিকার দেওয়া | Disenfranchise – ভোটের অধিকার হতে বঞ্চিত করা |
| Engage – নিয়োগ করা | Disengage – মুক্ত করা, পৃথক করা, আলগা করা |
| Entangle – জড়িয়ে যাওয়া | Disentangle – উদ্ধার করা, মুক্ত করা |
| Enthral, enthrall – দাসত্বে আবদ্ধ করা | Disenthral, Disenthrall – দাসত্বমোচন করা |
| Enthrone – সিংহাসনে আরোহণ করা | Disenthrone – সিংহাসনচ্যুত করা |
| Entomb – সমাহিত করা | Disentomb – সমাধি স্থান বা কবর হতে বের করা, গবেষণা করে বের করা |
| Establish – প্রতিষ্ঠা করা | Disestablish – প্রতিষ্ঠিত জিনিস ভেঙে ফেলা, বিপর্যস্ত করা |
| Esteem – শ্রদ্ধা | Disesteem – অশ্রদ্ধা, অনাদর |
| Favour – অনুগ্রহ করা | Disfavour – অসন্তোষ, অনাদর, বিরাগ, অনাদর করা, অনুগ্রহ না করা |
| Figuration – মূর্তি দান | Disfiguration – বিকৃতি |
| Franchise – ভোটাধিকার প্রদান করা | Disfranchise – ভোটাধিকার হইতে বঞ্চিত করা |
| Grace – সম্মান করা | Disgrace – অসম্মান, লজ্জা, লজ্জার কারণ, অসম্মান করা, লজ্জিত করা |
| Guise – পোশাক | Disguise – ছদ্মবেশ পরিধান করা |
| Gust – রুষ্টরোধ | Disgust – বিরাগ, অত্যন্ত ঘৃণা, অপ্রবৃত্তি বা ঘৃণা জন্মানো, রুষ্ট বা ক্রুদ্ধ করা |
| Honest – সৎ | Dishonest – অসাধুতা, প্রবঞ্চনা |
| Honour – সম্মান | Dishonour – অসম্মান, কলঙ্ক, লজ্জা, অসম্মান করা, লজ্জিত করা, সতীত্ব নষ্ট করা, টাকা দিতে অসম্মত হওয়া |
| Like – পছন্দ করা | Dislike – অপছন্দ করা, ঘৃণা করা |
| Obedient – বাধ্য | Disobedient – অবাধ্য |
| Order – শৃঙ্খলা | Disorder – বিশৃঙ্খলা, শান্তিভঙ্গ, হাঙ্গামা, মানসিক বা শারীরিক গোলযোগ |
| Play – খেলা করা, নাটক | Display – প্রদর্শন করা |
| Please – সন্তুষ্ট করা | Displease – বিরক্ত করা, অসন্তুষ্ট করা |
| Satisfaction – সন্তোষ | Dissatisfaction – অসন্তোষ, বিরক্তি |
| Tress – এক খোঁপা চুল | Distress – অত্যন্ত ক্লেশ |

## En-Prefix যোগ করে Verb গঠন:

| | |
|---|---|
| Able – সক্ষম | Enable – সমর্থ করা |
| Chant – গান করা | Enchant – মুগ্ধ করা, উল্লসিত করা, জাদু করা |
| Circle – বেষ্টনী | Encircle – বেষ্টন করা, ঘেরা |
| Clasp – আলিঙ্গন | Enclasp – আলিঙ্গন করা |
| Counter – বিরুদ্ধাচারণ করা | Encounter – সাক্ষাৎ করা, সম্মুখীন হওয়া, মুখোমুখি সাক্ষাৎ করা, বাধা দেওয়া |
| Courage – সাহস | Encourage – সাহস দেওয়া, উৎসাহ দেওয়া |
| Crust – শক্ত আবরণে ঢাকা | Encrust – কঠিন আবরণে আবৃত করা, কঠিন আবরণ পড়া |
| Danger – বিপদ | Endanger – বিপন্ন করা |
| Grave – খোদাই করা | Engrave – নকশা খোদিত করা, গভীররূপে মুদ্রিত করা |